# বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ

কেন্দ্রীয় নির্বাহী কমিটি

১৪৬/১, জাফরাবাদ, শংকর(পশ্চিম ধানমন্ডি), ঢাকা-১২০৭।

৩০/১১/২০১৮ইং তারিখের বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির যৌথ সভার রেজুলেশন

অদ্য ৩০/১১/২০১৮ইং তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ এর সহ-সভাপতি জনাব মোঃ মশিউর রহমান এবং সভা পরিচালনা করেন মহাসচিব জনাব এ.টি.এম আবুল কাশেম। সভায় পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব মোঃ নজরুল ইসলাম, সাধারন সম্পাদক, বগুড়া জেলা শাখা। পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সদস্য, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু দ্বিপায়ন বড়ুয়া, সহ-সভাপতি , কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

গত সভার পর থেকে এ পর্যন্ত বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ এর যে সকল সদস্য মৃত্যুবরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত সহ সকল অসুস্থ ডিপ্লোমা কৃষিবিদদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন জনাব আবুল কালাম খান, সদস্য, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।

সভায় স্বাগত বক্তব্য রাখেন সভার সভাপতি জনাব মোঃ মশিউর রহমান। তিনি তার বক্তব্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শে অনুপ্রাণিত সকল সদস্যদেরকে বঙ্গবন্ধুর আদর্শকে বাস্তবায়ন করার জন্য মাঠে ময়দানে কাজ করার আহবান জানান। তিনি বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদকে সকল বাঁধা বিপত্তি ও বিভক্তির অপচেষ্টাকে প্রতিহত করে শক্তিশালী সংগঠনে পরিনত করার আহবান জানান।

সভায় বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদের মহাসচিব জনাব এ টি এম আবুল কাশেম অদ্যকার সভা আহবানের উদ্দেশ্য এবং সৃষ্ট জটিলতা নিরসনের বিষয়ে বক্তব্য প্রদান করেন।

সভায় উপস্থিত নেতৃবৃন্দের বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০১ঃ (ক) সংগঠনের গঠনতন্ত্রের সাথে সাংঘর্ষিক কার্যক্রমে লিপ্ত থাকায় এবং গঠনতন্ত্রের বিভিন্ন ধারা উপধারা লঙ্গন করা সহ সংগঠনকে বিভক্তির কার্যক্রমে জড়িত থাকায় ঘোষণাপত্র ও গঠনতন্ত্রের ১০.৩, ১০.৪,১০.৫ এবং ১০.৭ ধারা মোতাবেক নিম্নবর্ণিত সদস্যদের সদস্যপদ বাতিল করা হলো-

০১। জনাব মোহাম্মদ আলী চৌধুরী, সভাপতি, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।

০২। জনাব মোঃ আব্দুল রাশেদ খান, সিনিয়র সহ সভাপতি, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ

০৩। জনাব মোঃ ফিরোজ আকতার, সহ-সভাপতি, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ

০৪। জনাব মোঃ আবদুল মান্নান, যুগ্ম মহাসচিব-১, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ

(খ) গঠনতন্ত্রের ১০.৩,১০.৪,১০.৫,১০.৭এবং ১৩.৭ ধারা মোতাবেক জনাব ফিরোজ খাননুন, অর্থ সম্পাদক, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ এর সদস্যপদ বাতিল করা হলো।

(গ) সদস্যপদ বাতিলকৃত সদস্য জনাব মোহাম্মদ আলী চৌধুরীর পরিবর্তে সহ সভাপতি জনাব মোঃ মশিউর রহমানকে সভাপতির দায়িত্ব প্রদান করা হলো।

(ঘ) সদস্যপদ বাতিলকৃত সদস্য জনাব ফিরোজ খাননুন এর পরিবর্তে জনাব সেকেন্দার তালুকদার, পরিবেশ সম্পাদক কে অর্থ সম্পাদক এর অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলো।

সিদ্ধান্ত-০২ঃ (ক) আগামী কাউন্সিল অধিবেশনে বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদের পুর্নাঙ্গ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) বর্তমান কমিটি/সদস্যদের মধ্যে যারা প্রকৃত পক্ষে বঙ্গবন্ধু আদর্শে বিশ্বাসী নয় তাদেরকে ক্রমান্বয়ে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। যাচাই বাছাই করে সকল সদস্যদের সদস্য পদ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৩ঃ সংগঠনের জন্য ক্ষতিকর/নিষ্ক্রিয় নেতাদের সদস্যপদ বাতিল করার বিষয়ে পরবর্তী সভায় এবং কাউন্সিল অধিবেশন এর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে।

সিদ্ধান্ত-০৪ঃ যেহেতু বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ এর সভাপতি, অর্থ সম্পাদক এবং যুগ্ম মহাসচিব-১ এর সদস্যপদ বাতিল করা হয়েছে, সেহেতু বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ এর অদ্যকার সভার সিদ্ধান্তক্রমে সভাপতি পদে জনাব মোঃ মশিউর রহমান, মহাসচিব পদে জনাব এ টি এম আবুল কাশেম এবং অর্থ সম্পাদক পদে সেকেন্দার তালুকদার এর মাধ্যমে সঞ্চয়ী হিসাব নং ৬৩৮৬, বাংলাদেশ কৃষি ব্যাংক, খামারবাড়ি শাখার ব্যাংক হিসাব পরিচালনা এবং লেনদেন কার্যক্রম পরিচালনা করার জন্য সহকারী মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, খামারবাড়ি শাখা, ফার্মগেট, ঢাকাকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ জানুয়ারী/২০১৯ এর মধ্যে প্রতি জেলা থেকে সরবাহকৃত ছক অনুযায়ী ১৭ সদস্য বিশিষ্ট জেলা কমিটি গঠন করে কেন্দ্রে পাঠানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত-০৬ঃ গঠনতন্ত্রের প্রয়োজনীয় সংশোধনের জন্য নিম্নের ০৩(তিন) সদস্যকে দায়িত্ব প্রদান করা হলো।

| | |
|---|---|
| ০১। মোঃ আলফাজ উদ্দিন | আহবায়ক |
| ০২। মোঃ আবুল বাসার | সদস্য |
| ০৩। শেখ শহীদ মোঃ আব্বাছ | সদস্য সচিব |

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ জানানোসহ উপস্থিত নেতৃবন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-মোঃ মশিউর রহমান
সভাপতি(ভারপ্রাপ্ত)
বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ
মোবাইলঃ ০১৭১১-১৯৭৬৯০

স্মারক নং- বডিকৃপ/৪৫ তারিখঃ ৩০/১১/২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় চেয়ারম্যান, কৃষি মন্ত্রণালয়/অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৫. মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়/অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. মাননীয় মহা-পরিচালক/চেয়ারম্যান, ......................................................................................।
০৭. মাননীয় নির্বাহী পরিচালক/ পরিচালক, ...................................................................................।
০৮. মাননীয় অতিরিক্ত পরিচালক, ................................................................................................।
০৯. মাননীয় উপ-পরিচালক, .......................................................................................................।
১০. সহকারী মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, খামারবাড়ি শাখা, ঢাকা।
১১. মাননীয় সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু কৃষিবিদ পরিষদ/ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।
১২. মাননীয় সভাপতি/মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।
১৩. বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
১৪. জনাব, ............................সভাপতি/সাধারণ সম্পাদক, ডিকেআইবি ......................... জেলা /মহানগর শাখা।
১৫. জনাব, .................................................................................................................।

৩০/১১/২০১৮ ইং

(এ.টি.এম আবুল কাশেম)
মহাসচিব
বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ
মোবাইলঃ ০১৭১১-৪৮৮৪২৫